# The Baptist Tabernacle of Los Angeles

1329 South Hope Street, L.A. Civic Center

Mailing Address:
P. O. Box 15308
Los Angeles, CA 90015
Phone: (213) 744-9999
E-mail: rlhymersjr@sbcglobal.net
www.sermonsfortheworld.com
www.baptisttabernacle.com

God Bless You At Christmas

Dr. R. L. Hymers, Jr.
Senior Pastor

Dr. Christopher L. Cagan
Associate Pastor

Dr. Kreighton L. Chan
Assistant Pastor

ডিসেম্বর, 2016

প্রিয় বন্ধু :

এই বছরে আমাদের মন্ডলীর মূল ঘটনা ছিল উদ্দীপনা যা ঈশ্বর প্রাচীন প্রথাগতভাবে আমাদের মধ্যে পাঠিয়েছিলেন। আমার পরিবার এবং আমি মেক্সিকোর, ক্যানকুনে ছুটি কাটাতে গিয়েছিলাম। সেই দিনগুলির মধ্যে একটা দিন আমি রৌদ্রে এবং হোটেলের একটা ঘরে কাটিয়েছিলাম স্কটল্যান্ডের উত্তর উপকূলের পাশে লুইস দ্বীপের উদ্দীপনা বিষয়ক একটা বই পড়ে, যা 1949 এবং 1953 এর মধ্যে ঘটেছিল। সেটা পড়ার সময়ে আমার আত্মা উদ্বীপ্ত হয়েছিল। আমি আমাদের মন্ডলীতে উদ্দীপনা প্রেরণ করার জন্য ঈশ্বরের কাছে কঠোর প্রার্থনা করা শুরু করেছিলাম। আমরা যখন ফিরে আসলাম আমি তিনদিনের জন্য প্রচার চালিয়েছিলাম এবং সম্ভবত কয়েকজন যুবক মন পরিবর্তন করেছিলেন। কিন্তু পরবর্তীতে সেই গ্রীষ্মে, হঠাৎ করে বিশাল উদ্দীপনা এসেছিল। সেটা ছিল 27শে আগস্ট , বৃহস্পতিবারের সন্ধ্যা। আমি আমাদের যুবকদের যিশাইয় 64:1-3 পদটি, "আহা, তুমি আকাশমন্ডল বিদীর্ণ করিয়া নামিয়া আইস..." (যিশাইয় 64:1) মুখস্থ করতে বলেছিলাম। তিনজন যুবক এই বাক্যগুলি মুখস্থ করেছিলেন। হঠাৎ একটি যুবক লাফ দিয়ে উঠে দাঁড়ালেন এবং আর্তনাদ করে বললেন , "আমি হারিয়ে গেছি!" তিনি হাঁটু গেড়ে বসে পড়ে হাঁফাতে আর কাঁদতে থাকলেন । মনে হচ্ছিল যেন এটা সম্পূর্ণভাবে অবস্থার বাইরে কারণ সেই রাত্রিতে আবেগ উদ্রেককারী কোন কিছুই ছিল না , এমনকী গানও হচ্ছিল না । জানুয়ারি এবং আগস্টের সেই কয়েকটি সভায় ঈশ্বর নেমে এসেছিলেন এবং 22 জন যুবক পরিত্রাণ পেয়েছিলেন এবং আরও 14 জন উদ্দীপ্ত হয়েছিলেন ও আত্মায় পূর্ণ হয়েছিলেন । আমি অন্যান্য কয়েকটি শহরে তিন টি শক্তিশালী উদ্দীপনা প্রত্যক্ষ করেছি, বেশ শক্তিশালী, অস্বাভাবিক এবং আমার জানা কোথাও আজকের দিনে দেখা যায় না। কিন্তু এই উদ্দীপনা হল সেই প্রথম একটি যা গত 42 বছরে ঈশ্বর আমাদের মন্ডলীতে পাঠিয়েছেন। এতগুলি বছর ধরে আমরা ঈশ্বরের আত্মার অবতরণের জন্য প্রার্থনা করে এ সেছিলাম এবং তারপরে তিনি আমাদের প্রার্থনার উত্তর দিয়েছিলেন। কিন্তু সেই কয়েকটি রাত্রে কমপক্ষে 36 জন লোক পাপের চেতনার অধীনে এসেছিলেন এবং তাদের মধ্যে 22 জন পরিত্রাণ পেয়েছিলেন – আর অন্য 14 জন উদ্দীপ্ত হয়েছিলেন এবং পশ্চাদ্পসরণ অবস্থা থেকে ফিরে এসেছিলেন। তখনই এটা ঘটতো যখন আমি যিশাইয় 64:1-3 বার বার প্রচার করতাম এবং যখন প্রত্যেক রাত্রে লোকেরা উদ্দীপনার মূল গান, "আমার দর্শন পূর্ণ কর, পরিত্রাতা, প্রার্থনা করি, আজ আমি কেবল যীশুকেই দেখি; যদিও উপত্যকায় তুমি আমাকে চালাও, তোমার অম্লান গৌরব আমাকে বেষ্টন করে। আমার সমস্ত দর্শন পূর্ণ কর, স্বর্গীয় পরিত্রাতা, তোমার গৌরবে আমার আত্মা উজ্জ্বলীকৃত হবে । আমার সমস্ত দর্শন পূর্ণ কর , যেন সকলই আমি দেখি তোমার পবিত্রভাব আমাতে প্রতিবিম্বিত হোক " (“Fill All My Vision” by Avis B. Christiansen, 1895-1985) বার বার গাইতেন। উদ্দীপনার সময়ে বেশ কয়েকবার গর্জনকারী সিংহের মতন দিয়াবল এসেছিলেন কিন্তু প্রত্যেকবার আমরা প্রার্থনা করেছিলাম আর তিনি পরাস্ত হয়েছিলেন এবং খ্রীষ্টের প্রতি লোকদের আকর্ষণ করতে , ঈশ্বর ফিরে এসেছিলেন । সেই কয়েকটি দিনের জন্য আমরা জীবন্ত খ্রীষ্টধর্মের অভিজ্ঞতা লাভ করেছিলাম এবং যে সব লোকেরা সেদিন উপস্থিত ছিলেন তারা যতদিন বেঁচে থাকবেন ততদিন সেটা কখনো ভুলবেন না । এই সব কিছুর মধ্যেই দুইজন যুবক প্রচারের জন্য নিজেদের সমর্পণ করেছিলেন। তাদের মধ্যে একজন হলেন আমাদের চীনা অনুবাদকের পুত্র নোহ সং। অন্যজন হলেন ডঃ কেগানের 23 বছর বয়সী পুত্র জন শ্যমূয়েল কেগান, যিনি সবেমাত্র ক্যাল স্টেট এল.এ থেকে ফৌজদারী বিচার ব্যবস্থার

উপরে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেছিলেন। তারা দুইজনেই খুব অসাধারন প্রচারক। যখন জন্ তার প্রথম ধর্ম্মোপদেশটি প্রচার করেছিলেন তখন তা শুনতে মনে হত যেন তিনি 20 বছরেরও বেশি সময় ধরে প্রচার করে আসছেন, এবং নোহ এমনকী পারতেন একটা থিম সঙ্গীতের সুর নিজের গলায় তুলতে, কঠোর প্রচার করতে, গানটি করতে এবং প্রচারে ফিরে যেতে ঠিক জন্ সাং এবং ডঃ জন্ আর. রাইসের প্রচার ভঙ্গীমায়। অবিশ্বাস্য! এই সমস্ত যুবকদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ! জানুয়ারি মাসে শুরু হতে চলা বায়োলা বিশ্ববিদ্যালয়ের ট্যালবট স্কুল অফ্ থিয়োলজিতে জন্ পড়তে যাচ্ছেন। যদিও তিনি তিন বা চার মাস ধরে প্রচার করে আসছেন, তবুও তিনি উত্তর ভারত, ডোমিনিক্যান রিপাবলিক এবং দক্ষিণ ভারতের সুসমাচারসংক্রান্ত সভায় প্রচার করার জন্য নিমন্ত্রিত হচ্ছেন। আমি বিশ্বাস করি যে একবিংশ শতাব্দীর একজন বিখ্যাত সুসমাচারসংক্রান্ত প্রচারক হিসাবে তিনি বিশ্ব-ব্যাপী প্রচার করে বেড়াবেন। জন্ এবং নোহের প্রচারিত ধর্ম্মোপদেশগুলির মধ্যে কোন একটি যদি আপনি পড়তে চান, তাহলে আমাদের ওয়েবসাইট www.sermonsfortheworld.com দেখুন। কালো রঙের পাতাটির মাঝখানে একটা বোতাম আছে যেটা বলছে, "ইংরাজিতে ধর্ম্মোপদেশ।" সেখানে ক্লিক্ করুন আর আপনি আপনার ভাষার সেই পাতাটি দেখতে পাবেন। যদি আপনার ভাষার জন্য সেই পাতায় বোতাম থাকে, তাহলে ডঃ হেইমার্সের জন্য অথবা জন্ শ্যমূয়েল কেগানের একটির জন্য অথবা নোহ সং এর একটি বা অন্যান্য বক্তা যারা আমাদের মন্ডলীতে প্রচার করেন, তাদের জন্য সেই বোতামটিতে ক্লিক্ করুন। যদি সেই পাতায় আপনার ভাষার জন্য কোন বোতাম না থাকে, স্ক্রোল করে তালিকার নিচের দিকে আসতে থাকুন এবং আপনি অনেক ধর্ম্মোপদেশ দেখতে পাবেন যেগুলি আপনার সাহায্যে আসবে এবং আপনার প্রতি আশীর্ব্বাদ হবে।

এই বছরে যা ঘটেছিল সেই দ্বিতীয় বৃহত্তম বিষয়টি ছিল আমাদের প্রথম নাতনি, হান্না কিম্ হেইমার্সের জন্ম। আমাদের ছেলে রবার্ট লেস্লী হেইমার্স III এবং তার অতীব সুন্দর স্ত্রী জিনের কোলে 30শে মার্চ তার জন্ম হয়েছিল। হান্না এক সুন্দর শিশু আর নিজেকে তুলে ধরতে সে সক্ষম এবং ইতিমধ্যেই সে চারিপাশ ঘেরা বিছানার মধ্যে হামাগুড়ি দিচ্ছে।

যেমন আমি বলেছিলাম যে জানুয়ারি মাসে সমুদ্রতীরে খেলার জন্য, জিনের সঙ্গে তার মা লিন্ডা, লেস্লী এবং ওয়েস্লীকেও আমার স্ত্রী এলিনা এবং আমি সঙ্গে করে ক্যানকুনে নিয়ে গিয়েছিলাম। আমাদের খুব সুন্দর সময় কেটেছিল এমনকী যদিও আমি সেই চিকিৎসার কারণে খুব ভাল বোধ করছিলাম না যা আমি ক্যানসারের জন্য নিচ্ছিলাম। কথাপ্রসঙ্গে বলি, ক্যানসার অসুখটি মনে হচ্ছিল নিয়ন্ত্রণের মধ্যে চলে এসেছে এবং সম্ভবত আর নেই। শুধু সময় বলবে, কিন্তু আমার 22 পাউন্ড ওজন কমেছে, যা আমাকে সাহায্য করছে।

এই বছরে সংঘটিত হয়েছে এমন ঘটনাগুলির "স্তূপাকার তালিকা"র দিকে একটু উঁকি মেরে দেখুন। ফেব্রুয়ারী মাসের 13 তারিখে রোজ চেনল্ট-ক্যুইন 97 বছর বয়সে মারা গিয়েছেন। এপ্রিলের 12 তারিখে ইস্টার ঋতু এবং আমার 75তম জন্মদিন উপলক্ষ্যে ডেভিড রালস্টোন, রোনাল্ড রাসম্যুসেন এবং ড্যানি থমাস প্রচার করেছিলেন এবং গান শুনিয়েছিলেন। 16ই এপ্রিল মিসেস হেইমার্সের জন্মদিন পালিত হয়েছিল এবং তার বাবা রাফেল ক্যুইলার, যিনি 85 বছর বয়সী ছিলেন, বিমানে করে এসেছিলেন এবং আমাদের সঙ্গে কয়েকটা দিন কাটিয়ে গিয়েছিলেন।

তারপরে এর পরবর্তী বড় ঘটনাটি ঘটেছিল। ঈশ্বর আমাকে দেখিয়েছিলেন যে আমাদের মন্ডলীতে একটা বড় ধরনের পরিবর্তন করার এখনই হচ্ছে উপযুক্ত সময়। আমরা নতুন তিনজন যুবক প্রার্থী, নোহ সং, জ্যাক ন্যাগ এবং এরন ইয়ান্সিকে ডিকনে সংযুক্ত করলাম। জন্ কেগান তার প্রথম ধর্ম্মোপদেশ প্রচার করেন জুলাইয়ের 10 তারিখে আর নোহ সং প্রচার করেন 17 তারিখে। এই দুইজন যুবকই অসাধারণ বক্তা - অবিশ্বাস্য! জুলাইয়ের 31 তারিখে তিমথী চান এবং লারা এস্কোবার বিবাহসূত্রে আবদ্ধ হন। 21শে আগস্ট পিটার স্টিফেন ন্যাগ কন্মগ্রহণ করে।

উদ্দীপনার দ্বিতীয় ভাগটি শুরু হয়েছিল আগস্ট মাসের 27 তারিখ, বৃহস্পতিবার। আমরা লক্ষ করেছিলাম যে এই সমস্ত বিশেষ সভায় যখন আমরা যত্নপূর্বক প্রার্থনা করেছি এবং একটা প্রার্থনার অন্তরাত্মা বজায় রেখেছি তখন ঈশ্বর সেই সভাতে উপস্থিত থাকতেন, কিন্তু অতিরিক্ত দিনগুলোতে যখন আমরা প্রার্থনার উপরে লক্ষ্যস্থির করতাম না ঈশ্বর সেই সভাতে সম্পূর্ণভাবে অনুপস্থিত থাকতেন এবং কিছুই ঘটতো না। সেইজন্য এটা আমাদের কাছে একটা শিক্ষণীয় অভিজ্ঞতা ছিল, এমনকি যদিও আমি প্রথম বারেই বড় তিনটি উদ্দীপনা দেখেছি যার একটাতে প্রায় চার হাজার লোক উপনীত হয়েছিলেন একটা চীনা মন্ডলীতে, আমিও যার একজন সদস্য ছিলাম।

শ্রমিক দিবসের সপ্তাহান্তে আমাদের বাইবেল সম্মেলনে আমাদের সঙ্গে ছিলেন, লুইসিয়ানা ব্যাপটিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট, ডঃ নীল উইভার। নভেম্বর মাসের 19 তারিখে ওয়েসলী হেইমার্স, খ্রীস্টিনা ন্যগুয়েন, আদিলা মেনজিভার, সেৎসুকো জাবালাগ এবং ভিরগেল নিক্কেল ব্যাপ্তিস্ম লাভ করেছিলেন। সেই একই সভায় জন্‌ শ্যমূয়েল কেগানকে আমাদের মন্ডলীর দ্বারা সুসমাচার প্রচারের জন্য অনুমতিপত্র দেওয়া হয়। পরের দিন আমাদের ধন্যবাদ প্রদানের ভোজে রন ক্লার্ক বেহালা এবং জিওফ মাররিল পিয়ানো বাজিয়েছিলেন। আমাদের কি সুখের সময় ছিল! শেষ পর্যন্ত 14ই ডিসেম্বর খ্রীষ্ট জন্মোৎসবের ভোজে আমাদের জন্য দেশীয় এবং ইউরোপীয় গান গাইতে ডেভ সুক ফিরে আসছেন।

34তম ভাষা হিসাবে, নেপালী ভাষা যুক্ত করতে ঈশ্বর আমাদের সামনে দরজা খুলে দিয়েছেন। নেপালের জনগণ এখন আমার ধর্ম্মোপদেশগুলি প্রত্যেক সপ্তাহে পড়তে পারছেন। গত বছরে দুটি ভূমিকম্প হয়ে যাওয়া নেপাল, খুব অভাবগ্রস্ত একটা দেশ, এবং হিমালয় পর্বতের গভীরে অবস্থিত এই ছোট্ট দেশটির ভাষাকে আমাদের ধর্ম্মোপদেশ পান্ডুলিপির তালিকায় যুক্ত করতে সক্ষম হয়ে আমরা আনন্দিত। আমার প্রচারিত প্রায় প্রত্যেকটি ধর্ম্মোপদেশ এখন 34টি ভাষায় পান্ডুলিপি আকারে অনুবাদিত হয়। সমস্ত ধর্ম্মোপদেশ টেলিভিশন-গুণমান সমৃদ্ধ ক্যামেরার সাহায্যে রেকর্ড করা হয় এবং ইউটিউব ও আমাদের ওয়েব সাইটের মাধ্যমে তিনটি ভাষায়, যেমন মান্দারিন চীনা ভাষা, স্প্যানীশ ভাষা এবং ইংরাজি ভাষায় সারা বিশ্বব্যাপী প্রচার করা হয়।

আমি এটা মেনে নিতে চাই না, কিন্তু আমি ক্রমশ বুড়ো হয়ে পড়ছি। আমি আগের মতন আর বেসবল খেলতে পারছি না, যেটা একেবারেই হয়নি, কাজেই আমি বেশি কিছু হারাইনি! সেটার অভাবই আমি সবচেয়ে বেশি অনুভব করি!!! যাদের ধন্যবাদজ্ঞাপন সান্ধ্য-ভোজে যাওয়ার কোন জায়গা ছিল না আমার স্ত্রী তাদের প্রায় সকলকেই মন্ডলীতে নিয়ে গিয়েছিলেন। এই সমস্ত ঘটনাবলী নিয়ে আমরা সর্বদা সুখে থাকি।

এটা আমাদের আশা যে এই সুন্দর খ্রীষ্ট জন্মোৎসবের ঋতুতে খ্রীষ্ট আপনার গৃহে এবং আপনার জীবনে উদিত হবেন। ঈশ্বর আপনাদের সকলকে আশীর্ব্বাদ করুন!



প্রায় চার ঘন্টা বয়সের নাতনি হান্নার সাথে ডঃ হেইমার্স এবং এলিনা।

যীশুর নামে,



আর. এল. হেইমার্স, জুনিয়র,
ডি.মিন., টিএইচ.ডি., লিট্.ডি.
ফিলিপীয় 4:13

***ধর্ম্মোপদেশের জন্য সব প্রচারক কখনোসখনো আটকে যান। আমার ধর্ম্মোপদেশ পরীক্ষা করুন এবং দেখুন যদি তাদের একটি থেকেও আপনি কোন সাহায্য পান। সেই কারণেই তারা সেখানে রয়েছে। 216টি দেশের প্রায় 120,000 প্রচারক এই বছরে আমার ধর্ম্মোপদেশগুলি পড়েছেন এবং তাদের থেকে সাহায্য পেয়েছেন। দেখুন WWW.SERMONSFORTHEWORLD.COM.***



জন্ শ্যমূয়েল কেগান (বামে) এবং নোহ সং (ডানে) সঙ্গে ডঃ হেইমার্স। দুইজনেই সুসমাচার প্রচারের জন্য সমর্পিত এবং ঈশ্বরতত্ব পড়বেন।




ডঃ হেইমার্সের সঙ্গে জন্ কেগান যখন তিনি সুসমাচার সেবাকাজের জন্য অনুমতিপ্রাপ্ত হচ্ছেন।



আদিলা মেনজিভার ৪7 বছর বয়সে ডঃ হেইমার্সের দ্বারা ব্যাপ্টাইজিত হচ্ছেন।



ডঃ হেইমার্স মিঃ ভিরগেল নিক্কেলকে ব্যাপ্তিস্ম দিচ্ছেন।



ডঃ এবং মিসেস হেইমার্সের 34তম বিবাহ বার্ষিকী।



শিশু হান্না, মিঃ ও মিসেস জনি কিমের সঙ্গে রাফেল সিউলার (এল), লেসলী হেইমার্স, জিন হেইমার্স, ডঃ হেইমার্স, মিসেস হেইমার্স।

***আমাদের মন্ডলীর ওয়েবসাইট WWW.BAPTISTTABERNACLE.COM দেখুন। আমাদের ধর্ম্মোপদেশের ওয়েবসাইট WWW.SERMONSFORTHEWORLD.COM আপনাকে 34 ভাষায় শতাধিক আক্ষরিক পান্ডুলিপি পাঠের সুবিধা দেয়।***



মিঃ ও মিসেস জেমস রুপ। তিনি মন্ডলীর অর্গান বাদিকা।



মিসেস রোজ চিনাউল্ট–কুইনীর সঙ্গে ডঃ হেইমার্‌স।



নববর্ষের প্রাক্কালে ডঃ ও মিসেস হেইমার্‌সের সঙ্গে রেভাঃ মার্ক বাক্‌লে।



ডঃ চেন তার পুত্র তিমথী এবং লারা এস্‌কোবারের বিয়ে দিচ্ছেন।



মিসেস হেইমার্‌সের মা লিন্ডা, লেসলী এবং ওয়েসলী এবং জিন হেইমার্‌সের সঙ্গে মিঃ ও মিসেস হেইমার্‌স।



(বাঁদিক থেকে) ডঃ হেইমার্‌স কোলে শিশু হান্না, মিসেস হেইমার্‌স, লেসলী এবং জিন হেইমার্‌স।

***আমাদের মন্ডলীর ওয়েবসাইট WWW.BAPTISTTABERNACLE.COM দেখুন।***
***আমাদের ধর্ম্মোপদেশের ওয়েবসাইট WWW.SERMONSFORTHEWORLD.COM আপনাকে 34 ভাষায় শতাধিক আক্ষরিক পান্ডুলিপি পাঠের সুবিধা দেয়।***